তারিখ ... 07 NOV 2016 ...
পৃষ্ঠা ... কলাম ...

কালের কণ্ঠ

# ডুয়েট ছাত্রদলের নেতাকর্মীদের ওপর হামলা

**নিজস্ব প্রতিবেদক, গাজীপুর ▷**

গাজীপুরের ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (ডুয়েট) ছাত্রদল নেতাকর্মীদের ওপর হামলা চালিয়ে তাদের মারধরের অভিযোগ উঠেছে ছাত্রলীগ নেতাকর্মীদের বিরুদ্ধে। গতকাল রবিবার বিকেলে ডুয়েট শাখা ছাত্রদল গাজীপুর জেলা বিএনপির কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে এ অভিযোগ করে।

লিখিত বক্তব্যে ডুয়েট ছাত্রদলের সভাপতি সোহাগ সরদার বলেন, শনিবার ক্লাস চলাকালে ডুয়েট ছাত্রলীগের সভাপতি নাসির উদ্দিন ও সাধারণ সম্পাদক রেজাউর রাতুলের নেতৃত্বে ছাত্রলীগের একদল নেতাকর্মী অতর্কিত ছাত্রদলের নেতাকর্মী ও সমর্থকদের ওপর হামলা চালায়। এতে ছাত্রদলের সাংগঠনিক সম্পাদক শেখ সাদী গুরুত্বর আহত হন। পরে ক্যাম্পাসের ভেতরে একটি কক্ষে তাঁকে পাঁচ ঘণ্টা অবরুদ্ধ করে রাখে ছাত্রলীগ।

সোহাগ সরদার জানান, ছাত্রলীগ আরো হামলার হুমকি দিচ্ছে। তাঁরা আতঙ্কে আছেন। ক্যাম্পাসে শিক্ষার স্বাভাবিক পরিবেশ না থাকায় ছাত্রদল নেতাকর্মী ও সমর্থকরা নিয়মিত ক্লাস এবং পরীক্ষায় অংশগ্রহণ করতে পারছে না। এতে সাধারণ শিক্ষার্থীরাও আতঙ্কিত।

ক্যাম্পাসে স্বাভাবিক পরিস্থিতি ফিরিয়ে আনতে এবং নিরাপত্তা নিশ্চিত করেতে ডুয়েট প্রশাসনের কাছে দাবি জানান সোহাগ সরদার। এদিকে ডুয়েট ছাত্রলীগের সভাপতি নাসির উদ্দিন জানান, মারধরের কোনো ঘটনা ঘটেনি। ছাত্রদল নিজেরা নিজেরা মারামারি করে ছাত্রলীগকে দোষারোপ করছে।